VARENDRA UNIVERSITY
বরেন্দ্র বিশ্ববিদ্যালয়

**সামার- ২০২১ (জুলাই- ডিসেম্বর) এ ভর্তিচ্ছু ফার্মেসী বিভাগের শিক্ষার্থীদের জ্ঞাতার্থে কিছু গুরুত্বপূর্ণ তথ্যাবলী**

- **ভর্তির জন্য মনোনীত (এস.এস.সি ও এইচ.এস.সি ফলাফলের ভিত্তিতে) শিক্ষার্থীদের মেধা তালিকা প্রকাশের তারিখ:** ১৪ জুন ২০২১
- ভর্তির জন্য মনোনীত শিক্ষার্থীদের তালিকা বরেন্দ্র বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইটে পাওয়া যাবে (https://vu.edu.bd/notice)
- **ভর্তির তারিখঃ** ভর্তির তারিখ ১৫ জুন ২০২১ তারিখ থেকে ২৬ জুলাই ২০২১ তারিখ পর্যন্ত।
- **১ম কিস্তির টাকা জমা দেওয়ার শেষ সময়:** ২৭ জুলাই ২০২১।
  **২য় কিস্তির টাকা জমা দেওয়ার শেষ সময়:** ৩০ সেপ্টেম্বর ২০২১।

জুলাই ২৭, ২০২১ তারিখের মধ্যে প্রত্যেক শিক্ষার্থীকে ব্যাংকে (মার্কেন্টাইল/এনসিসি ব্যাংকের যেকোন শাখায়) অথবা মোবাইল ব্যাংকিং (রকেট/বিকাশ) এর মাধ্যমে টাকা প্রদান করে ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করার জন্য অনুরোধ করা হলো। শিক্ষার্থীদের টিউশন ফি প্রদানের পে-স্লিপ বিভাগের অফিস/স্টুডেন্ট প্যানেলে পাওয়া যাবে। স্টুডেন্ট প্যানেল থেকে পে-স্লিপ সংগ্রহের পদ্ধতি ওয়েবসাইটে(www.vu.edu.bd ) পাওয়া যাবে।

**ভর্তির্র জন্য মনোনীত শিক্ষার্থীদের ফার্মেসী বিভাগে এসে ভর্তি হতে হবে।**

- ভর্তির সময় যে সকল কাগজপত্র সঙ্গে আনতে হবেঃ
    - ২ কপি ছবি (পাসপোর্ট সাইজ)
    - এস.এস.সি, ও এইচ.এস.সি-র মূল মার্কশীট (জমা রাখতে হবে)।
    - জন্মনিবন্ধন সনদ/ জাতীয় পরিচয় পত্রের ফটোকপি
    - এস.এস.সি ও এইচ.এস.সি-র মার্কশীট ও সার্টিফিকেট এর ২টি করে ফটোকপি

- **অফিসের সময়সূচীঃ**
    - রবিবার থেকে বৃহস্পতিবার ঃ সকাল ৯ টা থেকে বিকেল ৬টা (Lunch Break- 1:30pm-2:30pm)
    - বিভাগীয় মোবাইল নম্বর:০১৭৩০৪০৬৫৩২
- **ক্লাশ শুরুঃ** ৪ জুলাই ২০২১ ।
- ক্লাশ রুটিন বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে (https://vu.edu.bd/notice) পাওয়া যাবে।
- শিক্ষার্থীদের প্রথম দিন থেকে নিয়মিত ক্লাশে উপস্থিত থাকা অত্যাবশ্যকীয়।

**বরেন্দ্র বিশ্ববিদ্যালয় নোটিশ প্যানেলঃ** **https://vu.edu.bd/notice**

**বরেন্দ্র বিশ্ববিদ্যালয় ফার্মেসী বিভাগের ফেসবুক পেজঃ** https://www.facebook.com/groups/203567594137573/

**সামার ২০২১ সেশন ১৮তম ব্যাচের দায়িত্বপ্রাপ্ত শিক্ষক:**

Shammi Akhter
Lecturer, Pharmacy Department, Varendra University.
01725912003

## শিক্ষার্থীদের আর্থিক সুবিধা সম্পর্কিত শর্তাবলী

**ক)** এসএসসি ও এইচএসসি বা সমমানের উভয় পরীক্ষায় ৪র্থ বিষয় ছাড়া জিপিএ ৫ (গোল্ডেন) প্রাপ্ত শিক্ষার্থী ভর্তির সময় টিউশন ফি-এর ১০০% ছাড় পাবে। এই সুবিধা পরবর্তী সেমিস্টারগুলোতে অব্যাহত রাখার জন্য বিজ্ঞান, প্রযুক্তি ও প্রকৌশল অনুষদভূক্ত প্রোগ্রাম ও ব্যবসায় প্রশাসন বিভাগের শিক্ষার্থীদের সেমিস্টার পরীক্ষার ফলাফল ন্যূনতম জিপিএ ৩.৬০ এবং অন্যান্য বিভাগের শিক্ষার্থীদের ন্যূনতম জিপিএ ৩.৪০ হতে হবে।

**খ)** এসএসসি ও এইচএসসি বা সমমানের উভয় পরীক্ষায় ৪র্থ বিষয়সহ জিপিএ ৫ অথবা যেকোনো একটিতে ৪র্থ বিষয় ছাড়া জিপিএ ৫ ও অন্যটিতে ৪র্থ বিষয়সহ জিপিএ ৫ প্রাপ্ত শিক্ষার্থী ভর্তির সময় টিউশন ফি-এর ২৫% ছাড় পাবে।

**গ)** এসএসসি ও এইচএসসি বা সমমানের পরীক্ষায় যেকোনো একটিতে জিপিএ ৫ প্রাপ্ত (৪র্থ বিষয় ছাড়া/৪র্থ বিষয়সহ) শিক্ষার্থী ভর্তির সময় টিউশন ফি-এর ১০% ছাড় পাবে।

- 'খ' ও 'গ' ধারার সুবিধা পরবর্তী সেমিস্টারগুলোতে অব্যাহত রাখার জন্য বিজ্ঞান, প্রযুক্তি ও প্রকৌশল অনুষদভূক্ত প্রোগ্রাম ও ব্যবসায় প্রশাসন বিভাগের শিক্ষার্থীদের সেমিস্টার পরীক্ষার ফলাফল ন্যূনতম জিপিএ ৩.৪০ এবং অন্যান্য বিভাগের শিক্ষার্থীদের ন্যূনতম জিপিএ ৩.২৫ হতে হবে।

**ঘ)** ভর্তি পরীক্ষায় নির্বাচিত শিক্ষার্থীদের মধ্য থেকে মেধাক্রমানুসারে প্রতি বিভাগে ১০% শিক্ষার্থী শুধু ১ম সেমিস্টারে টিউশন ফি-এর ৫০% ছাড় পাবে।

**ঙ)** ২য় সেমিস্টার থেকে প্রতি সেমিস্টারে ফলাফলের মেধাক্রমানুসারে ১০% শিক্ষার্থী টিউশন ফি-এর ৫০% ছাড় পাবে এবং সেমিস্টারে ১ম স্থান অর্জনকারী (এসএসসি ও এইচএসসি বা সমমানের উভয় পরীক্ষায় জিপিএ ৫ প্রাপ্ত) টিউশন ফি-এর ৭৫% ছাড় পাবে। এক্ষেত্রে বিজ্ঞান, প্রযুক্তি ও প্রকৌশল অনুষদভূক্ত প্রোগ্রাম ও ব্যবসায় প্রশাসন বিভাগের শিক্ষার্থীদের সেমিস্টার পরীক্ষার ফলাফল ন্যূনতম জিপিএ ৩.৬০ এবং অন্যান্য বিভাগের শিক্ষার্থীদের ন্যূনতম জিপিএ ৩.৪০ হতে হবে।

**চ)** মোট শিক্ষার্থীর ৩% মুক্তিযোদ্ধার সন্তান হিসেবে বিনা বেতনে (টিউশন ফি-এর ১০০% ছাড়) অধ্যয়নের সুবিধা পাবে। মুক্তিযোদ্ধার সন্তানের ক্ষেত্রে ভর্তি পরীক্ষায় আবেদনের সাথে মুক্তিযোদ্ধার মূল সনদ, গেজেট, মুক্তিবার্তা ও ভাতা প্রাপ্তির কপি জমা দিতে হবে।

**ছ)** ক্ষুদ্র নৃ-গোষ্ঠি শিক্ষার্থী ভর্তির সময় টিউশন ফি-এর ২৫% ছাড় পাবে।

**জ)** সহোদর উভয়ে একই সাথে বরেন্দ্র বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থী হলে যেকোনো একজন টিউশন ফি-এর ৫০% ছাড় পাবে।

- 'চ' 'ছ' ও 'জ' ধারার সুবিধা পরবর্তী সেমিস্টারগুলোতে অব্যাহত রাখার জন্য সেমিস্টার পরীক্ষার ফলাফল ন্যূনতম জিপিএ ২.৫০ হতে হবে।

**ঝ)** মোট শিক্ষার্থীর ৩% দরিদ্র ও মেধাবী হিসেবে আর্থিক সুবিধা পাবে। পরবর্তী সেমিস্টারগুলোতে শিক্ষার্থীর সেমিস্টার পরীক্ষার ফলাফল ও আর্থিক অবস্থার উপর ভিত্তি করে এই সুবিধা বজায় থাকবে/থাকবে না।

## বি. দ্র.

- কোনো শিক্ষার্থী একই সাথে একাধিক ছাড়ের সুবিধা পাবে না ।
- কোনো শিক্ষার্থী সেমিস্টার পরীক্ষায় কোনো বিষয়ে F গ্রেড পেলে বা বহিস্কৃত হলে শুধু পরবর্তী সেমিস্টারে কোনো আর্থিক সুবিধা পাবে না।